

2 0 1 4

ELECTIVE BENGALI

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কোন্ গ্রামে কাশীরাম দাসের জন্ম হয়েছিল ?
- (খ) নারায়ণদেবের ভণিতা কী ?
- (গ) বিজয় গুপ্তের জন্মস্থান কোথায় ?
- (ঘ) ‘মহারাষ্ট্র পুরাণ’ কার রচনা ?
- (ঙ) মুকুন্দ চক্রবর্তীর গ্রন্থটির প্রকৃত নাম কী ?
- (চ) বাংলা ভাষায় রচিত সর্বপ্রথম চৈতন্য-জীবনী গ্রন্থটির নাম কী ?
- (ছ) দৌলত কাজী কোন্ রাজসভায় পরম সমাদর লাভ করেন ?
- (জ) ‘পদ্মাবতী’ কাব্যটি কোন্ কবির রচনা ?
- (ঝ) রামপ্রসাদ সেনের জন্ম কোথায় হয়েছিল ?
- (ঞ) সাধক কমলাকান্ত কোন্ ধারার কবি ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) বিজয় গুপ্তের গ্রন্থটির নাম কী? এটি কোথা থেকে প্রথম ছাপার অক্ষরে প্রকাশিত হয়?
- (খ) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? কার অনুরোধে তিনি এই গ্রন্থটি রচনা করেন?
- (গ) মুকুন্দ চক্রবর্তীর গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত? খণ্ডগুলির নাম কী?
- (ঘ) মহাপ্রভু শ্রীচৈতন্য কার কাছ থেকে সন্ন্যাসধর্মে দীক্ষা নেন? তখন তাঁর বয়স কত ছিল?
- (ঙ) “শাক্ত পদ ছাড়াও রামপ্রসাদ সেন দুটি ক্ষুদ্র কাব্য লিখেছেন।” কাব্য দুটির নাম কী?

৩। টীকা লেখো (যে কোনো চারটি) :

৫×৪=২০

‘শ্রীকৃষ্ণকীর্তন’-এর আবিষ্কার ও প্রকাশ; বৃন্দাবনের ষড়্ গোস্বামী; শূন্যপুরাণ; বিদ্যাপতি; ঘনরাম চক্রবর্তী; পদকল্পতরু।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

- (ক) বাংলা অনুবাদ-সাহিত্যে ‘মহাভারত’-এর অনুবাদক কাশীরাম দাসের কৃতিত্বের পরিচয় দাও।
- (খ) চণ্ডীমঙ্গল কাব্যধারায় দ্বিজ মাধবের কবি-কৃতিত্ব সম্পর্কে বিস্তৃতভাবে আলোচনা করো।

- (গ) চৈতন্যজীবনী সাহিত্য রচনায় কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী এবং তাঁর কাব্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) দৌলত কাজী এবং তাঁর কবি-কৃতিত্ব সম্পর্কে সবিস্তার আলোচনা করো।
- (ঙ) রামপ্রসাদ সেনের ‘শাক্ত পদাবলি’ এবং কবির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- (চ) “...মধ্যযুগীয় বাংলা সাহিত্যের যে বিচিত্র ও বিপুল উৎকর্ষ লাভ হয়েছে, তার মূল কারণ মহাপ্রভু শ্রীচৈতন্যদেব।” মধ্যযুগের বাংলা সাহিত্যের কোন্ কোন্ ক্ষেত্রে শ্রীচৈতন্যের প্রভাবে কী কী বৈচিত্র্য এবং উৎকর্ষ দেখা দিয়েছিল তা সবিস্তারে আলোচনা করো।
- (ছ) মনসা মঙ্গল কাব্য-ধারার একজন জনপ্রিয় কবি এবং তাঁর কাব্য-সম্পর্কে বিশদভাবে আলোচনা করো।
- (জ) মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলমান কবি কাকে বলা হয়? তাঁর কবিকৃতি সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করো।

★ ★ ★